

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ১, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড

আদেশ

তারিখ : ১৬ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ/৩০ জুন ২০২০ খ্রিষ্টাব্দ

নম্বর: ০৮.০১.০০০০.০৩৩.২২.০০২.২০.১৯—কোড়ি-১৯ পরিস্থিতিতে সৃষ্টি অসুবিধার বিষয় বিবেচনায় নিয়ে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 184G তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নোক্ত আদেশ জারি করলো :

- (ক) আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর আওতায় কোনো আয়কর কর্তৃপক্ষ বা কর আগীলাত ট্রাইব্যুনাল এর যে সকল কার্যক্রমের সময়সীমা ২৬ মার্চ ২০২০ তারিখ হতে এ পর্যন্ত উন্নীর্ণ হয়েছে অথবা আগামী ২৯ সেপ্টেম্বর ২০২০ তারিখের মধ্যে উন্নীর্ণ হবে (উভয় দিন অন্তর্ভুক্ত) সে সকল ক্ষেত্রে বর্ধিত সময়সীমা ৩০ সেপ্টেম্বর ২০২০ তারিখ নির্ধারণ করা হলো :
- (খ) আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর আওতায় সকল শ্রেণির করদাতার জন্য যে সকল ক্ষেত্রে পরিপালনের সময়সীমা ২৬ মার্চ ২০২০ তারিখ হতে এ পর্যন্ত উন্নীর্ণ হয়েছে অথবা আগামী ২৯ সেপ্টেম্বর ২০২০ তারিখের মধ্যে উন্নীর্ণ হবে (উভয় দিন অন্তর্ভুক্ত) সে সকল ক্ষেত্রে পরিপালনের বর্ধিত সময়সীমা ৩০ সেপ্টেম্বর ২০২০ তারিখ নির্ধারণ করা হলো :

তবে শর্ত থাকে যে—

- (১) উৎসে কর কর্তন বা আদায় ও জমার ক্ষেত্রে এ আদেশ প্রযোজ্য হবে না;
- (২) ২০১৯-২০২০ অর্থ বছরে উৎসে কর্তৃত বা আদায়কৃত কর ৩০ জুন ২০২০ তারিখের মধ্যে সরকারি কোষাগারে জমা দিতে হবে;

(৬৭২৩)  
মূল্য : টাকা ৪.০০

- 
- (৩) ২০২০-২০২১ অর্থ বছরের অগ্রিম করের প্রথম কিন্তি ১৫ সেপ্টেম্বর তারিখের  
মধ্যে পরিশোধ করতে হবে; এবং
- (৪) ১ জুলাই ২০২০ থেকে ৩০ সেপ্টেম্বর ২০২০ তারিখের মধ্যে উৎসে কর্তৃত ও  
আদায়কৃত কর নির্ধারিত বিধিবদ্ধ সময়ে সরকারি কোষাগারে জমা দিতে হবে।
- (গ) এ আদেশের আওতায় যে অতিরিক্ত সময় দেয়া হয়েছে তা আয়কর অধ্যাদেশ, ১৯৮৪  
এর ধারা 184G অনুযায়ী প্রমার্জনকৃত সময়কাল বলে বিবেচিত হবে এবং প্রমার্জনকৃত  
সময়কালের জন্য কোনো প্রকার বিলম্বজনিত সুদ, জরিমানা বা অতিরিক্ত অংক প্রযোজ্য  
হবে না।
- (ঘ) সময়সীমার বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত ১ জুন ২০২০ খৃষ্টাব্দ তারিখের  
আদেশ নম্বর ০৮.০১.০০০০.০৩৩.২২.০০২.২০.৩/১-তে উল্লিখিত বিকল্প বিরোধ  
কার্যক্রম এর ক্ষেত্রে ব্যতীত অন্যান্য সকল ক্ষেত্রে এ আদেশের বিধান কার্যকর হবে।

২। জনস্বার্থে সরকারের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ আলমগীর হোসেন  
সদস্য (কর্ণনীতি)।